

[সর্বশেষ](#) [রাজনীতি](#) [বাংলাদেশ](#) [অপরাধ](#) [বিশ্ব](#) [বাণিজ্য](#) [মতামত](#) [খেলা](#) [বিনোদন](#) [চাকরি](#) [জীবনয](#) [Eng](#)[ছবি](#)[ভিডিও](#)[ভিডিও](#)

## শিক্ষা

# ইডেন, তিতুমীর, কারমাইকেলসহ ২১ কলেজে নতুন অধ্যক্ষ

বিশেষ প্রতিবেদক ঢাকা



## শিক্ষা মন্ত্রণালয়

ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, রংপুরের কারমাইকেল সরকারি কলেজসহ দেশের ২১টি গুরুত্বপূর্ণ সরকারি কলেজে নতুন অধ্যক্ষ নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আজ সোমবার একই প্রজ্ঞাপনে ২১ জন অধ্যক্ষসহ বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের মোট ৪৬ জন কর্মকর্তাকে রদবদল করা হয়েছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন একই কলেজের অর্থনীতির অধ্যাপক শামছুন নাহার। আর এত দিন ধরে কলেজটিতে অধ্যক্ষের দায়িত্ব পালন করে আসা অধ্যাপক ফেরদৌসী বেগমকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা বা ওএসডি করা হয়েছে। সরকারি তিতুমীর কলেজে অধ্যক্ষ হয়েছেন একই কলেজের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক শিপ্রা রানী মণ্ডল।

এ ছাড়া নতুন অধ্যক্ষদের মধ্যে আরও আছেন বরিশালের সরকারি ব্রজমোহন কলেজে একই কলেজের পদার্থবিদ্যার অধ্যাপক শেখ মো. তাজুল ইসলাম, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে চট্টগ্রাম সরকারি কলেজের ইসলামি শিক্ষা বিভাগের অধ্যাপক মো. আবুল বাসার ভূঞা, সরকারি বিজ্ঞান কলেজে বগুড়ার সরকারি শাহ সুলতান কলেজের উপাধ্যক্ষ কে এম আমিনুল হক, রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজে অধ্যক্ষ করা হয়েছে ফরিদপুরের সদরপুর সরকারি কলেজের অধ্যক্ষ কাকলী মুখোপাধ্যাকে।

এ ছাড়া রাজধানীর কবি নজরুল সরকারি কলেজে অধ্যক্ষ হয়েছেন ইডেন মহিলা কলেজের ইসলামি শিক্ষার অধ্যাপক মোহাম্মদ হাবিবুর রহমান, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজে টাঙ্গাইলের সরকারি সাদত কলেজের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক তামান্না বেগম, সরকারি বাঙলা কলেজে ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ সরকারি কলেজের উপাধ্যক্ষ মো. কামরুল হাসান, মানিকগঞ্জের সরকারি দেবেন্দ্র কলেজে টাঙ্গাইলের শেখ ফজিলাতুন নেসা মুজিব মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মো. শহীদুজ্জামান, যশোরের সরকারি মাইকেল মধুসূদন কলেজে খুলনার সরকারি ব্রজলাল কলেজের পদার্থবিদ্যার অধ্যাপক খন্দোকার এহসানুল কবির, খুলনার আযম খান সরকারি কমার্স কলেজে মাউশির বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহিদুর রহমান এবং খুলনার সরকারি ব্রজলাল কলেজে অধ্যক্ষ করা হয়েছে সাতক্ষীরার তালার সরকারি কলেজের অধ্যক্ষ সেখ মো. হুমায়ুন কবীরকে।

নতুন অন্য অধ্যক্ষদের মধ্যে টাঙ্গাইলে সরকারি সাদত কলেজে একই কলেজের অর্থনীতির অধ্যাপক মো. মনিরুজ্জামান মিয়া, রাজশাহীর শহীদ বুদ্ধিজীবী সরকারি কলেজে রাজশাহী কলেজের সংযুক্ত অধ্যাপক খান মো. মাইনুল হক, রাজশাহী কলেজের অধ্যক্ষ পদে শহীদ বুদ্ধিজীবী সরকারি কলেজের অধ্যক্ষ মো. আনারুল হক প্রাং, দিনাজপুর সরকারি কলেজে একই কলেজের প্রাণিবিদ্যার অধ্যাপক আবুল কালাম মো. আল আবদুল্লাহ, রংপুরের কারমাইকেল সরকারি কলেজে অধ্যক্ষ হয়েছেন কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মো. মোস্তাফিজুর রহমান, ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজে একই কলেজের উপাধ্যক্ষ এস এম আবদুল হালিম, সিরাজগঞ্জ সরকারি কলেজে একই কলেজের হিসাববিজ্ঞানের অধ্যাপক

মো. আমিনুল ইসলাম এবং লক্ষ্মীপুর সরকারি কলেজে অধ্যক্ষ করা হয়েছে ফেনী সরকারি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মুহাম্মদ মঞ্জুরুর রহমানকে।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এর পর থেকে সরকারি চাকরিতে বিভিন্ন পর্যায়ে পরিবর্তনে হাত দেয় সরকার। এরই ধারাবাহিকতায় জনপ্রশাসন, পুলিশ, শিক্ষা ক্যাডারসহ বিভিন্ন চাকরিতে ব্যাপক রদবদল হচ্ছে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো